

ঢাকা সেনানিবাসে দুটি
শিক্ষা প্রতিষ্ঠানের
কার্যক্রম উদ্বোধন
করলেন সেনাপ্রধান

সেনাবাহিনীর প্রধান জেনারেল আবু বেলাল মোহাম্মদ শফিউল হক শনিবার ঢাকা সেনানিবাসস্থ নির্ব্বর আঞ্চলিক এলাকায় প্রতিষ্ঠিত নির্ব্বর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ এবং ঢাকা ক্যান্টনমেন্ট ইংলিশ স্কুল এ্যান্ড কলেজের শিক্ষা কার্যক্রম উদ্বোধন করেন। এ সময় তিনি ছাত্রছাত্রীদের হাতে নতুন বছরের বই তুলে দেন। পরে তিনি স্কুল দুটি পরিদর্শন করেন। নির্ব্বর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ এ বছর নার্সারি হতে সপ্তম শ্রেণী পর্যন্ত (পঞ্চম শ্রেণী ব্যতীত) শিক্ষা কার্যক্রম শুরু করেছে। ৪১ শিক্ষক ও ৩২ কর্মকর্তা-কর্মচারী নিয়ে শিক্ষা প্রতিষ্ঠানটি যাত্রা শুরু করেছে। ঢাকা ক্যান্টনমেন্ট ইংলিশ স্কুল এ্যান্ড কলেজে নার্সারি হতে চতুর্থ শ্রেণী পর্যন্ত চালু হয়েছে, যেখানে ২৪ শিক্ষক এবং ২২ কর্মকর্তা-কর্মচারী কর্মরত আছেন। -আইএসপিআর